জেলা পরিষদ, ফেনী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

নং-৪৬.০৪২.০১৪.১২.০২.০৭৬.২০১১. ৯৬৬০

তারিখঃ 28 .০৪.২০১২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জেলা পরিষদের মালিকানাধীন ফেরীঘাট/ খেয়াঘাট যুদ্ধাহত ও পঙ্গু মুক্তিযোদ্ধা সমবায় সমিতির অনুকূলে সমঝোতার মাধ্যমে ইজারা প্রদান।

জেলা পরিষদের মালিকানাধীন ফেরীঘাট/খেয়াঘাট "ডিষ্ট্রিক্ট কাউন্সিল (ট্যাক্সেসন) রুলস, ১৯৬০ এর ৩৫(৩) বিধিতে (১৭ জুন ১৯৯২ খ্রিস্টাব্দ তারিখে সংশোধিত)" যুদ্ধাহত ও পঙ্গু মুক্তিযোদ্ধা সমবায় সমিতির অনুকূলে সমঝোতার ভিত্তিতে ইজারা প্রদানের বিধান রয়েছে। উক্ত বিধানের আলোকে ঘাট ইজারা বিষয়ে জটিলতা নিরসনকল্পে নিম্নরূপ নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ঃ

১) যুদ্ধাহত ও পঙ্গু মুক্তিযোদ্ধা সমবায় সমিতি কোন ঘাট ইজারা নিতে আগ্রহী হলে ইজারা মেয়াদ শুরুর অন্তত পক্ষে ২ (দুই) মাস পূর্বে আবেদন করতে হবে।

২) এই ধরনের সমিতির সকল সদস্যকে বিধি মোতাবেক যুদ্ধাহত পঙ্গু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পোষ্য/মুক্তিযোদ্ধা হতে হবে এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশিত তালিকায় নাম থাকতে হবে।

৩) আবেদনকারী সমিতিকে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২ এর ১২ ধারা অনুযায়ী মুক্তিযুদ্ধ বা মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সংগঠন হিসেবে নিবন্ধিত হতে হবে।

৪) আবেদনকারী সমিতির যথার্থতা সম্পর্কে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের প্রতিবেদন অবশ্যই থাকতে হবে। যদি প্রতিবেদনে দেখা যায় যে, আবেদনকারী সমিতি প্রকৃত পক্ষেই অনুচ্ছেদ ২ এ বর্ণিত সংজ্ঞা অনুযায়ী গঠিত এবং ৩ অনুচ্ছেদে বর্ণিত আইন অনুযায়ী নিবন্ধিত হয়েছে, শুধু তখনই উক্ত সমিতির অনুকূলে কোন একটি ফেরীঘাট সমঝোতার মাধ্যমে ইজারা প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। সমঝোতার মাধ্যমে একটি ঘাট ইজারা প্রদানের ক্ষেত্রে বিধি অনুযায়ী বিগত ০৩ বছরের গড় মূল্যের চেয়ে ১০% বৃদ্ধির বিষয়টি নিশ্চিত করতে হবে।

৫) একই ঘাটের জন্য একাধিক সমিতি আবেদন করলে আবেদনকারী সমিতিসমূহের মধ্যে সমঝোতা/প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করতে হবে।

০২। স্থানীয় সরকার বিভাগ হতে ১৩.০৭.১৯৯৬ তারিখে জারীকৃত প্রজেই-৪/জেপ-৯১/৯২/৪৬১ নং স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো।

২৪/৪/১২
(জুবাইদা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা,
জেলা পরিষদ, ----------------(সকল)।

অনুলিপি ঃ

১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
২। কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৩। প্রশাসক, জেলা পরিষদ -------------------------(সকল)।